# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৯৮

৪০/ কিয়ামত (كتاب صفة القيامة والرقائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ بْنُ أَسْبَاطِ بْنِ مُحَمَّدٍ الْقُرَشِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ الرَّازِيِّ، عَنْ سَعْدٍ، مَوْلَى طَلْحَةَ عَنِ ابْنِ عُمَرَ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يُحَدِّثُ حَدِيثًا لَوْ لَمْ أَسْمَعْهُ إِلاَّ مَرَّةً أَوْ مَرَّتَيْنِ حَتَّى عَدَّ سَبْعَ مَرَّاتٍ وَلَكِنِّي سَمِعْتُهُ أَكْثَرَ مِنْ ذَلِكَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " كَانَ الْكِفْلُ مِنْ بَنِي إِسْرَائِيلَ لاَ يَتَوَرَّعُ مِنْ ذَنْبٍ عَمِلَهُ فَأَتَتْهُ امْرَأَةٌ فَأَعْطَاهَا سِتِّينَ دِينَارًا عَلَى أَنْ يَطَأَهَا فَلَمَّا قَعَدَ مِنْهَا مَقْعَدَ الرَّجُلِ مِنِ امْرَأَتِهِ أُرْعِدَتْ وَبَكَتْ فَقَالَ مَا يُبْكِيكِ أَأَكْرَهْتُكِ قَالَتْ لاَ وَلَكِنَّهُ عَمَلٌ مَا عَمِلْتُهُ قَطُّ وَمَا حَمَلَنِي عَلَيْهِ إِلاَّ الْحَاجَةُ فَقَالَ تَفْعَلِينَ أَنْتِ هَذَا وَمَا فَعَلْتِهِ اذْهَبِي فَهِيَ لَكِ . وَقَالَ لاَ وَاللَّهِ لاَ أَعْصِي اللَّهَ بَعْدَهَا أَبَدًا . فَمَاتَ مِنْ لَيْلَتِهِ فَأَصْبَحَ مَكْتُوبًا عَلَى بَابِهِ إِنَّ اللَّهَ قَدْ غَفَرَ لِلْكِفْلِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . قَدْ رَوَاهُ شَيْبَانُ وَغَيْرُ وَاحِدٍ عَنِ الأَعْمَشِ نَحْوَ هَذَا وَرَفَعُوهُ وَرَوَى بَعْضُهُمْ عَنِ الأَعْمَشِ فَلَمْ يَرْفَعْهُ . وَرَوَى أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ هَذَا الْحَدِيثَ عَنِ الأَعْمَشِ فَأَخْطَأَ فِيهِ وَقَالَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عُمَرَ وَهُوَ غَيْرُ مَحْفُوظٍ وَعَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ الرَّازِيُّ هُوَ كُوفِيٌّ وَكَانَتْ جَدَّتُهُ سُرِّيَّةً لِعَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ وَرَوَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ الرَّازِيِّ عُبَيْدَةُ الضَّبِّيُّ وَالْحَجَّاجُ بْنُ أَرْطَاةَ وَغَيْرُ وَاحِدٍ مِنْ كِبَارِ أَهْلِ الْعِلْمِ .

বাংলা

২৪৯৮. উবায়দ ইবন আসবাত ইবন মুহাম্মদ কুরাশী (রহঃ) ..... ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, এক-দুইবার বা পাঁচ-সাত বার নয় বরং এর চেয়েও বেশীবার আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, বানূ ইসরাঈলের কিফল নামে এক ব্যক্তি ছিল। সে কোনরূপ গুনাহের কাজকে

ছাড়তো না। একবার এক মহিলা (অভাবে পড়ে) তার কাছে এলে সে ব্যভিচারের শর্তে তাকে ষাট দীনার (স্বর্ণমুদ্রা) দেয়। সে যখন ঐ মহিলার সঙ্গে বদকাজ করতে উদ্যত হল তখন মহিলাটি (আল্লাহর ভয়ে) প্রকম্পিত হয়ে কেঁদে ফেলল। লোকটি বললঃ কাঁদছ কেন? তোমাকে কি আমি যবরদস্তি করছি?

মহিলাটি বললঃ না, তবে এ গুনাহর কাজ আমি কখনো করিনি। আচ কেবল অভাবের তাড়নায় এতে বাধ্য হচ্ছি। লোকটি বললঃ অভাবের তাড়নায় পড়েই তুমি এসেছ অথচ তা কখনো করনি? যাও, তোমাকে ছেড়ে দিলাম। দীনারগুলোও তোমারই। সে আরো বললঃ আল্লাহর কসমঃ এরপর আর আমি কখনও আল্লাহর নাফরমানী করব না। পরে এ রাতে বিফল মারা যায়। সকালে তার ঘরের দরজায় লেখা ছিল, ’’আল্লাহ তা’আলা বিফলকে মাফ করে দিয়েছেন।’’ যঈফ, যঈফা ৪০৮৩, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৯৬ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান। শায়বান (রহঃ) প্রমুখ এটিকে আ’মাশ (রহঃ)-এর বরাতে মারফুরূপে বর্ণনা করেছেন। কোন কোন রাবী আ’মাশ (রহঃ) থেকে তা বর্ণনা করেছেন। তবে তারা এটিকে মারফু করেননি। আবূ বকর ইবন আয়্যাশও এটিকে আ’মাশ (রহঃ) থেকে বর্ণনা করেছেন। কিন্তু তিনি তাতে ভুল করে ফেলেছেন। তিনি তার সনদে বলেছেন, আবদুল্লাহ ইবন আবদিল্লাহ-সাঈদ ইবন যুবায়র-ইবন উমার রাদিয়াল্লাহু আনহু। এটি মাহফুজ বা সংরক্ষিত নয়।

আবদুল্লাহ ইবন আবদুল্লাহ রাযী হলেন কুফী। তাঁর পিতামহী ছিলেন আলী ইবন আবী তালিব রাদিয়াল্লাহু আনহু-এর দাসী। আবদুল্লাহ ইবন আবদুল্লাহ রাযী (রহঃ) এর বরাতে উবায়দা যাব্বী, হাজ্জাজ ইবন আরতাত প্রমুখ হাদীস রিওয়ায়াত করেছেন।

## English

Ibn 'Umar said:
"I heard the Prophet (s.a.w) narrating a hadith, not just once or twice, even seven times, but I heard him saying it more than that. I heard him saying: 'There was a man called Al-Kifl among the children of Isra'il who did not restrain himself from committing sins. A woman came to him and he gave her sixty Dinar so he could sleep with her. When he sat up from her, as a man sits up from a woman, she began to tremble and cry, so he said: "Why are you crying, did I do something to harm you?" She said: "No. But it is because of what I did, I only did so out of need." He said: "You did this without having done (it before), so leave me, and it (the money) is for you." And then he said: "By Allah! I will never disobey Allah after that." He died during the night and morning came with: " Indeed Allah has forgiven Al-Kifl" written upon his door."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37852

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন